



স্পিকার হাফিজ উদ্দিন, ডেপুটি স্পিকার কায়সার কামাল নির্বাচিত



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের স্পিকার হিসেবে নির্বাচিত হয়েছেন ভোলা-৩ আসনের সাতবারের সংসদ সদস্য ও বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম। ডেপুটি স্পিকার নির্বাচিত হয়েছেন নেত্রকোনা-১ (সদর-দুর্গাপুর) আসনের সংসদ সদস্য ব্যারিস্টার কায়সার কামাল। স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচনের প্রস্তাব পাস হয়। অধিবেশনে সভাপতিত্ব করেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য খন্দকার মোশাররফ হোসেন। প্রধানমন্ত্রী তারেক রহমান স্বাগত বক্তব্যে সভাপতিত্বের জন্য তাঁর নাম প্রস্তাব করেন। প্রস্তাবটি সমর্থন করেন মিজা ফখরুল ইসলাম আলমগীর এবং জামায়াতে ইসলামীর সংসদ সদস্য ও বিরোধীদলীয় উপনেতা ডা. আব্দুল্লাহ মো. তাহের।

এর আগে নতুন মন্ত্রিসভায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী হিসেবে শপথ নিয়েছিলেন হাফিজ উদ্দিন আহমদ। আর ভূমি প্রতিমন্ত্রীর দায়িত্ব পান কায়সার কামাল। উল্লেখ্য, গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী সংসদ সদস্যদের গেজেট প্রকাশ করা হয় ১৩ ফেব্রুয়ারি। ইতোমধ্যে সংসদ নেতা নির্বাচিত হয়েছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। বিরোধী দলের নেতা হয়েছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ১২ ফেব্রুয়ারির নির্বাচনের মাধ্যমে গঠিত বর্তমান সংসদে বিএনপি নেতৃত্বাধীন জোট জয় পায় ২১২টি আসনে। এর মধ্যে বিএনপি একাই পায় ২০৯টি আসন। অন্যদিকে জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন জোট পায় ৭৬টি আসন, যার মধ্যে দলটি এককভাবে জেতে ৬৮টি আসনে।